

শিক্ষামন্ত্রীর সাথে মিশরের রাষ্ট্রদূতের সাক্ষাৎ  
ইউনেস্কো'র মহাপরিচালক নির্বাচনে বাংলাদেশের সমর্থন কামনা

ঢাকা, ১০ জুলাই

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে আজ সচিবালয়ে মন্ত্রীর দপ্তরে বাংলাদেশে মিশরের রাষ্ট্রদূত মাউশিরা খাতাব (Ms. Moushira Khattab)-এর নেতৃত্বে ৫ (পাঁচ) সদস্যের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করে। বাংলাদেশে মিশর দূতাবাসের চার্জ দ্য এফেয়ার্স ওয়ালিদ শামসেলদিন (Mr. Walid Shamseldin), ডেপুটি হেড অফ মিশন শেহাব মেক্কি (Mr. Shehab Mekky), তৃতীয় সচিব আহমেদ জাকি (Mr. Ahmed Zaki) এবং মিশরের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রথম সচিব আহমেদ সভি (Mr. Ahmed Sobhi) এসময় তাঁর সাথে উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার বিভিন্ন দিক নিয়েও আলোচনা হয়। এসময় শিক্ষামন্ত্রী বলেন, গত ৮ বছরে বাংলাদেশে শিক্ষার্থীর সংখ্যা তিন গুন বৃদ্ধি পেয়েছে। সকল ছেলেমেয়েকে স্কুলে নিয়ে আসা সম্ভব হয়েছে। মাধ্যমিক স্তর পর্যন্ত জেন্ডার সমতা অর্জিত হয়েছে। ২০১২ সালের মধ্যেই সহস্রাব্দ লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব হয়েছে। তিনি বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের প্রশিক্ষণসহ বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। কারিগরি শিক্ষায় জোর দেয়া হচ্ছে। মোট শিক্ষার্থীর শতকরা ১৪ ভাগ এখন কারিগরি শিক্ষা গ্রহণ করছে।

প্রতিনিধিদল ইউনেস্কো'র পরবর্তী মহাপরিচালক নির্বাচনে বাংলাদেশের সমর্থন কামনা করেন। এসময় শিক্ষামন্ত্রী বলেন, বিষয়টি নিয়ে সরকারের যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করা হবে। শিক্ষামন্ত্রী বলেন, মিশরের সাথে বাংলাদেশের দীর্ঘ দিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। ভবিষ্যতেও এ সম্পর্ক অব্যাহত থাকবে।

শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব নাজমুল হক খান ও সংশ্লিষ্ট কর্মকর্তা সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন।

মোহাম্মদ আফরাজুর রহমান  
সিনিয়র তথ্য অফিসার  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯